

বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অষ্ট্রেলিয়া

আমরা শোকাহত



স্ট্যানলী অসীম কোড়ায়া

জন্ম: ২৯শে সেপ্টেম্বর ১৯৬৫

মৃত্যু: ২২শে এপ্রিল ২০১০

মৃত্যু কারো কাম্য নয়। তারপরেও অনাকাঙ্খিত এই ভয়াল মৃত্যু মানুষকে গ্রাস করে কোনো না কোনো অজুহাতে। এমনিভাবেই স্ট্যানলী অসীম কোড়ায়া দূরারোগ্য ক্যান্সারে আক্রান্ত হয়ে গত ২২শে এপ্রিল সকাল ১০ঘটিকায় কোগ্ড়া কালভেরী হাসপতালে মৃত্যুর শীতলকোলে চলে পড়েন। তার এই অকাল তিরোধানে সর্বস্তরের মানুষের মাঝে শোকের ছায়া নেমে আসে। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৪৫। তিনভাই ও তিনবোনের মধ্যে তিনি ছিলেন দ্বিতীয়। স্ত্রী মারিয়া লাক্সি কোড়ায়া এবং তনয়াদয় এ্যাঞ্জেল ও অরা সহ অসংখ্য আত্মীয়স্বজন তিনি রেখে গেছেন। অত্যন্ত মৃদুভাষী, সদালাপী এবং বন্ধুবাৎসল স্ট্যানলী কোড়ায়া ছিলেন সকলের কাছে অতি প্রিয়ভাজন। বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অষ্ট্রেলিয়া এই অকাল প্রয়ানে গভীরভাবে মর্মান্বিত এবং তার শান্তিময় স্বর্গীয় জীবন কামনা করে। এবং তার শোকসংস্পৃক্ত পরিজনের প্রতি রইলো আমাদের গভীর সমবেদনা।